# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওমরাহ পালন ও মদীনায় প্রত্যাবর্তন (أداء العمرة والرجوع إلى المدينة)

জি‘ইর্রানাহতে গণীমত বণ্টন সম্পন্ন হওয়ার পর আল্লাহর রাসূল (ছাঃ) ওমরাহ পালনের জন্য ইহরাম বাঁধেন (যা মক্কা থেকে ২০ কি.মি. উত্তর-পূর্বে অবস্থিত)। অতঃপর মক্কা গমন করে ওমরাহ পালন করেন। অতঃপর আত্তাব বিন আসীদকে মক্কার প্রশাসক হিসাবে বহাল রেখে তিনি মদীনার উদ্দেশ্যে রওয়ানা হন। এ সময় ছাক্বীফ নেতা ওরওয়া বিন মাসঊদ পথিমধ্যে রাসূল (ছাঃ)-এর সাথে সাক্ষাৎ করে ইসলাম কবুল করেন’ (সীরাহ ছহীহাহ ২/৫১৭)।

এভাবে ৮ম হিজরীর ১০ই রামাযান মদীনা থেকে মক্কা বিজয়ের উদ্দেশ্যে বের হয়ে মক্কা, হোনায়েন ও ত্বায়েফ বিজয় শেষে রাসূলুল্লাহ (ছাঃ) দীর্ঘ ২ মাস ১৪ দিন পর ২৪শে যুলক্বা‘দাহ মদীনায় প্রত্যাবর্তন করেন। ফালিল্লাহিল হাম্দ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5625

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন